গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু ও সমন্বয় অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

স্মারক নং: ৩২.০০.০০০০.০৪১.২৫.০০৫.১৯.২২০ তারিখ: ২৪/০৯/২০২৩ খ্রি:

বিষয়: জেলা শিশু একাডেমি কমপ্লেক্স, দিনাজপুর পরিদর্শন প্রতিবেদন।

বিগত ১৬/০৯/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় দিনাজপুর জেলা শিশু একাডেমি কমপ্লেক্স ভবন সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনকালে বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক জনাব আনজির লিটন, দিনাজপুর জেলা প্রশাসনের উপ-পরিচালক (স্থানীয় সরকার) জনাব মোখলেছুর রহমান, দিনাজপুর, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) জনাব মো: আকতারুজ্জামান, দিনাজপুর মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মো: মোর্শেদ আলী খান এবং জেলা শিশু একাডেমির প্রশিক্ষণার্থী শিশু ও অভিবাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

০২। **জেলা শিশু একাডেমি কমপ্লেক্স ভবন :** দিনাজপুর জেলা শহরের মিশন রোড এলাকায় প্রায় ৭১ শতক ভূমির উপর ৬ তলা বিশিষ্ট একটি বিস্তৃত ভবন, লিফট এবং প্রায় চারশত অতিথির ধারণ ক্ষমতা সম্পন্ন একটি দ্বিতল অডিটোরিয়াম ভবনসহ জেলা শিশু একাডেমির কমপ্লেক্স ভবন অবস্থিত। ২০০৮ সালে তদানীন্তন তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা জনাব রাশেদা কে চৌধুরী কমপ্লেক্স ভবন উদ্বোধন করেন। কমপ্লেক্স ভবনে পরবর্তীতে স্থানীয় জেলা প্রশাসনের উদ্যোগে প্লে-জোন, সোলার প্যানেল এবং জাতির পিতার নান্দনিক ম্যুরাল সংযোজন করা হয়।

০৩। ছয়তলা বিশিষ্ট ভবনে পর্যাপ্ত সংখ্যক সাংস্কৃতিক প্রশিক্ষণ কক্ষ, প্রাক-প্রাথমিক ও শিশু বিকাশ কেন্দ্রের জন্য শ্রেণীকক্ষ, ডরমিটরী/গেষ্টহাউসসহ বিভিন্ন অবকাঠামোগত সুযোগ সুবিধা আছে। একই সাথে নির্মিত দ্বিতল বিশিষ্ট অডিটরিয়াম ভবনে মঞ্চ, লাইটিং, প্রায় চারশত অতিথির ধারণক্ষমতা সম্পন্ন আসন ব্যবস্থা ও ফ্যান/লাইটের ব্যবস্থা আছে।

০৪। কমপ্লেক্স ভবনটি স্থানীয় এলজিইডি এর কারিগরী সহায়তায় নির্মাণক্রমে উদ্বোধনের পরে নিয়মিত রক্ষণাবেক্ষণ, বরাদ্দ ও জনবল না থাকায় অডিটোরিয়াম ভবন ও কমপ্লেক্স ভবনে কিছুটা ব্যবহার জনিত অসুবিধার সৃষ্টি হয়েছে। তন্মধ্যে সম্পুর্ণ ভবন ও মিলনায়তনের বৈদ্যুতিক লাইন মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ ও ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। নির্মাণ বা কাঠামোগত ত্রুটির কারণে সম্পুর্ণ ভবন ও মিলনায়তনের বৈদ্যুতিক লাইন মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে, যা ভবনে আগমনকারী শিশু, অভিবাবকসহ সকলের জন্য বাড়তি ঝুঁকির আশংকা সৃষ্টি করেছে।

০৫। রক্ষণাবেক্ষণের জন্য কারিগরী ব্যবস্থা এবং লিফটম্যান না থাকায় দীর্ঘদিন অচল থাকার কারণে বিদ্যমান লিফট বর্তমানে অচল হয়ে পড়েছে। প্রয়োজনীয় আসবাবপত্র যেমন- খাট, চেয়ার, টেবিল, বিছানা ইত্যাদির সরবরাহ না থাকায় ভবনে ডরমেটরী/গেস্টরুমের প্রভিশন থাকার পরেও তা চালু করা সম্ভব হয়নি।

০৬। চারশত আসন বিশিষ্ট দ্বিতল মিলনায়তনে মঞ্চের কাঠের পাটাতন উইপোকার আক্রমণে বিশেষত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা ও নৃত্য শিল্পীদের জন্য ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। মিলনায়তনে বেশ কিছু বৈদ্যুতিক ফ্যান অকেজো হয়ে আছে। দিনাজপুর অঞ্চলে প্রাকৃতিকভাবে দীর্ঘ গ্রীষ্মকালীন সময়ে তীব্র গরম অনুভূত হয়, কিন্তু মিলনায়তনে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় দর্শক, অতিথি, শিশু ও অভিবাবকদের বেশ কষ্টের সম্মুখীন হতে হয়।

০৭। **মতবিনিময় সভা:** দিনাজপুর জেলা শিশু একাডেমির প্রশিক্ষণার্থী শিশু, অভিবাবক, স্থানীয় সুধীবৃন্দ, প্রশিক্ষক ও কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় অভিবাবকদের পক্ষ থেকে সম্প্রতি অনুষ্ঠিত ২০২২ ও ২০২৩ সনের জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগীতায় ঢাকায় অনুষ্ঠিত জাতীয় পর্যায়ের উচ্চাংগ সংগীত প্রতিযোগীতা এবং রংপুরে অনুষ্ঠিত বিভাগীয় পর্যায়ের প্রতিযোগীতায় কিছু কিছু বিচারকের পক্ষপাতিত্ব, কটুক্তি, দুর্ব্যবহারসহ কিছু অভিযোগ উত্থাপন করা হয়। তাছাড়া জেলা শিল্পকলা একাডেমিতে প্রাপ্ত বয়স্ক শিল্পীদের ভর্তি ও প্রশিক্ষণের ম্যান্ডেট থাকলে ও শিল্পকলা একাডেমিতে শিশুদের ভর্তি করায় শিশু একডেমির কার্যক্রম ক্ষতিগ্রস্থ হচ্ছে মর্মে মতবিনিময় সভায় অভিযোগ করা হয়। তাছাড়া দিনাজপুর পৌরসভা কর্তৃক দাবীকৃত প্রায় ২৩ লক্ষ টাকার বকেয়া পৌরকর পরিশোধের জটিলতার বিষয়টি সভায় উত্থাপন করা হয়।

০৮। **সাংস্কৃতিক অনুষ্ঠান:** মতবিনিময় সভা শেষে শিশু একাডেমির শিশু শিল্পী ও জাতীয় শিশু পুরস্কার প্রাপ্ত শিল্পীর পরিবেশনায় একটি সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

০৯। **জনবল:** দিনাজপুর একটি প্রাচীন বৃহত্তর জেলা। এ জেলায় জেলা শিশু বিষয়ক কর্মকর্তার পদটি দীর্ঘদিন যাবত শূণ্য আছে। তাছাড়া নৈশ্যপ্রহরীর পদে নিয়মিত জনবল না থাকায় বৃহৎ পরিসরের এ কমপ্লেক্স ভবনের সার্বিক নিরাপত্তা ব্যাহত হচ্ছে।

১০। **মন্তব্য সুপারিশ:-**

i. দিনাজপুর পৌরসভার দাবীকৃত পৌরকর এর বিষয়ে জেলা প্রশাসনের উপ-পরিচালক (স্থানীয় সরকার) এর সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, দিনাজপুর কে অনুরোধ করা হয়।

ii. মিলনায়তন ভবনের জরুরী সংস্কার, মঞ্চ সংস্কার, বৈদ্যুতিক সংযোগ সংস্কার ইত্যাদির জন্য একটি প্রাক্কলন এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য পৃথক একটি প্রাক্কলন প্রস্তুতের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, দিনাজপুর কে অনুরোধ করা হয়।

iii. শিশু একাডেমির কমপ্লেক্স ভবনের লিফট, গেষ্টরুম, বৈদ্যুতিক সংযোগ ইত্যাদি সংস্কারের জন্য পৃথক প্রাক্কলন প্রস্তুতের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করা হয়।

iv. স্থানীয় চাহিদা নিরূপণ, প্রাক্কলন প্রস্তুতের পর তা জেলা প্রশাসন, জেলা পরিষদ বরাবরে যোগাযোগক্রমে স্থানীয় আর্থিক বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, দিনাজপুর এবং জেলা পরিষদ কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

v. যেহেতু বাংলাদেশ শিশু একাডেমির সকল ভবন/স্থাপনা গণপূর্ত বিভাগের মাধ্যমে নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়, তাই দিনাজপুর জেলা শিশু একাডেমির কমপ্লেক্স ভবন, মিলনায়তন গণপূর্তের বুকভুক্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

vi. জেলা শিল্পকলা একাডেমি এবং জেলা শিশু একাডেমি উভয় সংস্থার সভাপতি স্থানীয় জেলা প্রশাসক, সেহেতু উভয় সংস্থার প্রশিক্ষণার্থী ভর্তির ক্ষেত্রে বয়সসীমা অনুসরণের বিষয়টি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, দিনাজপুর কে অনুরোধ করা হলো।

vii. দিনাজপুর শিশু একডেমি কমপ্লেক্স দেশের অন্যান্য ভবনের চেয়ে একটু পৃথক পরিসর ও কাঠামোতে নির্মিত হয়েছে, তাই রাজস্ব খাতভুক্ত মেরামত ব্যয় বরাদ্দ এবং শিশু একাডেমির নিজস্ব বরাদ্দ থেকে আর্থিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে এ স্থাপনাকে গুরুত্ব সহকারে বিবেচনার জন্য মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি কে অনুরোধ করা হলো।

viii. দিনাজপুরে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও নৈশপ্রহরীর শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি কে অনুরোধ করা হয়।

২৪/০৯/২০২৫

(মো: মুহিবুজ্জামান)
অতিরিক্ত সচিব

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অনুলিপি: অবগতি/কার্যার্থে:</u>

০১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, দিনাজপুর।